মেহেরপুরে ছাত্রদলের ৬টি ইউনিটের কমিটি গঠন

মেহেরপুরে ছাত্রদলের ৬টি ইউনিটের আহবায়ক কমিটি অনুমোদন দেওয়া হয়েছে। ইউনিটগেুলো হচ্ছে মেহেরপুর সরকারি কলেজ শাখা, গাংনী পৌর শাখা, মেহেরপুর সদর উপজেলা শাখা, গাংনী সরকারি ডিগ্রি কলেজ শাখা, মেহেরপুর পৌর শাখা ও মুজিবনগর উপজেলা শাখা।
সম্প্রতি মেহেরপুর জেলা ছাত্রদলের সভাপতি নাজমুল হুসাইন ও সাধারণ সম্পাদক আলমগীর হোসেন এসকল কমিটি অনুমোদন করেন।
ফাহিম আহনাফ লিংকনকে আহবায়ক করে মেহেরপুর সরকারি কলেজ শাখা, রেজাওয়ানুল হক ইমনকে আহবায়ক করে গাংনী পৌর শাখা, নাজমুল ইসলামকে আহবায়ক করে মেহেরপুর সদর উপজেলা শাখা, জুনাইদ আহমেদকে আহবায়ক করে গাংনী সরকারি ডিগ্রি কলেজ শাখা, তৌফিক ইলাহিকে আহবায়ক করে মেহেরপুর পৌর শাখা এবং আকিব জাভেদকে আহবায়ক করে মুজিবনগর উপজেলা শাখা কমিটি অনুমোদন দেওয়া হয়েছে। মেহেরপুর পৌর শাখার ১৩ সদস্য বিশিষ্ট ব্যতিত সকল কমিটি ২১ সদস্য বিশিষ্ট করা হয়েছে।

মেহেরপুর সাহিত্য পরিষদের আলোচনা সভা অনুষ্ঠিত

মেহেরপুর সাহিত্য পরিষদে এক জরুরী আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার (১৮ডিসেম্বর-২০ইং) সন্ধ্যা সাড়ে ৬টার সময় মেহেরপুর সাহিত্য পরিষদের সভাপতি নূরুল আহমেদ এর সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক নুর আলমের সঞ্চালনায় মেহেরপুর সাহিত্য পরিষদ কার্যালয়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকী “মুজিব শতবর্ষ” উপলক্ষে সাহিত্য স্মারক গ্রন্থ্য “ঠিকানা” প্রকাশনার লক্ষ্যে আলোচনা সভা ও মেহেরপুর সাহিত্য পরিষদের বার্ষিক বনভোজন সম্পর্কে আলোচনা করা হয়।

আলোচনা সভাতে সাহিত্য পরিষদের নির্বাহী কমিটির সদস্য যারা

উপস্থিত থেকে আলোচনা করেন- আতাউর রহমান, এম.সোহেল রানা, মোহাঃবরকত আলী, আবু লায়েছ লাবলু, রফিকুল ইসলাম, এস এম আসাদুল ইসলাম, নাসির উদ্দিন আহমেদ, উবাইদুর রহমান, জি এফ মামুন লাকী, এনামুল হক, অধম মাসুদ, আবুল হাসেম, বদরুদ্দোজা বিশ্বাস প্রমুখ।

কালীগঞ্জে শীতার্তদের মাঝে কম্বল বিতরণ

ঝিনাইদহের কালীগঞ্জের বিভিন্ন ইউনিয়নের অর্ধশতাধিক দরিদ্র শীতার্তদের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে। গতকাল শুক্রবার দুপুর ৩ টা থেকে স্থানীয় সংগঠন ‘ব্লাড ব্যাংক অব কালীগঞ্জ’র উদ্যোগে এসব কম্বল বিতরণ করা হয়।

করোনা পরিস্থিতিতে জনসমাগম এড়িয়ে বিভিন্ন এলাকায় গিয়ে গ্রুপের সদস্যরা অসহায় ও শীতার্ত মানুষদের মাঝে কম্বল গুলো বিতরণ করেন।

এ সময় উপস্থিত ছিলেন সংগঠনের উপদেষ্টা বি এম সাইদুজ্জামান সবুজ, মাছুম হোসেন, তানজির রহমান, ফজলে রাব্বি, আজম মুন্সি, সংগঠনের সভাপতি স্বাধীন ইসলাম, সাধারণ সম্পাদক আশিক এলাহী, নাজিম হোসেন, তাজুল ইসলাম, হাদিউর রহমান, ইজাজ আহমেদ উৎস প্রমুখ।

যেভাবে হত্যা করা হয় রুপদাহ গ্রামের প্রবাসী রিপন কে

শৈলকুপার চর-রুপদহ গ্রাম, সময় ৯ ডিসেম্বর, ২০২০। ঘড়ির কাটায় তখন বাজে রাত আনুমানিক ১২টা। নিজ ঘরে ঘুমিয়ে পড়েছেন রিপন। এমন সময় রিপনের মেজো ভাই নান্নুর ঘুম ভাঙলে সে গিয়ে দেখে রিপনের ঘর খোলা।

নান্নু তার স্ত্রী ফরিদা খাতুনকে ডেকে নিয়ে রিপনের ঘরে ঢোকে। রিপন তখন খাটের উপর ঘুমিয়ে। নান্নু গিয়ে গলা চেপে ধরে রিপনের আর স্ত্রী ফরিদা চেপে ধরে দু’পা। কিছুক্ষণ পরে নান্নু ঘর থেকে দা(ধারালো অস্ত্র) এনে রিপনের তলপেটে কোপ মারে। রক্তে ভেসে যায় রিপনের বেডসিট, বালিশ, মেঝে। এরপর রিপন কে সেই বেডসিট দিয়ে মুড়িয়ে রাখা হয়।

বাড়ির পূর্বপার্শ্বে ডোবায় খোঁড়া হয় গর্ত, নান্নু গর্তের নরম কাঁদা সরিয়ে ফেলে। গর্ত খোঁড়ার পরে নান্নু ও তার স্ত্রী ফরিদা, রিপনের ঘরে এসে দুজনে রিপনকে নিয়ে গর্তে ফেলে মাটি চাপা দেয়। এরপর সেই বেডসিট আর বালিশের কভার চুলায় দিয়ে পুড়িয়ে ফেলে নান্নুর স্ত্রী ফরিদা খাতুন। এদিকে রিপনের চাঁদর, স্যান্ডেল আর ঘড়ি রাখা হয় একটি ধান ক্ষেতের পাশে। রিপনের গলার চেইন আর আংটি রেখে দেয় তার স্বামী নান্নু। প্রচার করা হয় ধানক্ষেত পাহারা দিতে গিয়ে নিখোঁজ হয়েছে রিপন।

ঝিনাইদহের শৈলকুপায় প্রবাসী রিপন(২৮) হত্যাকান্ডের কথা স্বীকার করে আদালতে স্বীকারোক্তিমুলক এই জবানবন্দী দিয়েছে রিপনের মেজো ভাই নান্নুর স্ত্রী ফরিদা খাতুন। বৃহস্পতিবার বিকেলে ঝিনাইদহের সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে তিনি এ জবানবন্দী প্রদান করেন।

এ ঘটনায় রিপনের মেজো ভাই নান্নু পলাতক রয়েছে। পুলিশ ঘটনার ৭দিন পর বাড়ির পাশের ডোবা থেকে রিপনের অর্ধগলিত মরদেহ উদ্ধার করে।

মালয়েশিয়া প্রবাসী রিপন ১২ নং নিত্যানন্দনপুর ইউনিয়নের চর রুপদহ গ্রামের মৃত আব্দুল বারিক বিশ^◌াসের ছেলে। গত ১ বছর আগে সে দেশে ফিরে আসে। তার সন্তানসম্ভাবা স্ত্রী ঘটনার সময় তার বাবার বাড়িতে ছিলেন।

শৈলকুপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা জাহাঙ্গীর আলম জানান, পারিবারিক কলহ ও জমি সংক্রান্ত বিরোধের জেরে এ হত্যাকান্ড। রিপনের মেজো ভাই নান্নু ও নান্নুর স্ত্রী ফরিদা খাতুন উভয়ে মিলে এ হত্যাকান্ড ঘটায় বলে আদালতে স্বীকার করেন আটক নান্নুর স্ত্রী।

শৈলকূপায় আদিবাসীদের মাঝে ইউএনও’র কম্বল বিতরণ

শৈলকূপা উপজেলা নির্বাহী কর্মকর্তা কানিজ ফাতেমা লিজা ৯নং মনোহরপুর ইউনিয়নের হাতেমপুর গ্রামের অসহায় ও দুঃস্থ ভুঁইমালী সম্প্রদায়ের শীতার্ত ৫০টি পরিবারের নিকট প্রধানমন্ত্রী প্রদত্ত কম্বল তুলে দিয়েছেন। এ সময় উপস্থিত ছিলেন সহকারী কমিশনার (ভূমি) পার্থ প্রতিম শীল।

এ সম্প্রদায়ের সদস্য কল্পনা, রাধারাণী, সুবোধ জানান, এই প্রথম তাদের সম্প্রদায়ের মধ্যে কোনো নির্বাহী কর্মকর্তা এসে কম্বল বিতরণ করলেন। ইতি পূর্বে কোনো কর্মকর্তাই তাদের কাছে আসেননি।

কম্বল বিতরণকালে ইউএনও কানিজ ফাতেমা আগতদের জানান, এই শীতে আপনারা অমানবিক কষ্ট করবেন, তা মেনে নেয়া যায় না।

আপনাদের প্রতি বুকভরা ভালোবাসা, শ্রদ্ধাবোধ, সম্মান ও সহমর্মিতা নিয়ে আমরা এখানে এসেছি পরিবারের সদস্য হিসেবে আপনাদের পাশে দাঁড়াতে।

গাংনী পৌর নির্বাচন:: নৌকা পেলেন আহম্মেদ আলী, ধানের শীষ আসাদুজ্জামান বাবলু

মেহেরপুরের গাংনী পৌরসভা নির্বাচন আগামি ১৬ জানুয়ারি। নির্বাচনে ক্ষমতাসীন আওয়ামী লীগ ও বিএনপি তাদের দলীয় প্রার্থী মনোনয়ন দিয়েছে। আওয়ামী লীগ মনোনয়ন পেয়েছেন সাবেক মেয়র আহম্মেদ আলী এবং বিএনপিতে মনোনয়ন পেযেছেন গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু।
আজ শুক্রবার আওয়ামী লীগ ও বিএনপির মনোনয়ন বোর্ড পৃথকভাবে তাদের

মেহেরপুর বেড়পাড়া কচিকাঁচা নাট্য সংগঠন নতুন আঙ্গিকে উদ্বোধন

মেহেরপুর শহরের বেড়পাড়ায় নতুন আঙ্গিকে কচিকাঁচা নাট্য সংগঠনের উদ্বোধন করা হয়েছে।

শুক্রবার সন্ধ্যা ৬টার সময় বেড়পাড়া কচিকাঁচা ক্রীড়া ও নাট্য গোষ্ঠী ক্লাব প্রাঙ্গণ কাথুলী বাসষ্ট্যান্ডে এই উদ্বোধন এর আয়োজন করা হয়।

অত্র ক্লাবের নাট্য সম্পাদক জনাব মোঃ লুৎফর রহমানের সভাপতিত্বে যুবলীগ নেতা মাহবুব ডালিমের সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন জেলা শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক মোঃ সাইদুর রহমান, মোঃ বকুল হোসেন, মোঃ ফোরকান আলী, মোঃ তোমিজ উদ্দিন, মোঃ মিজানুর রহমান, মোঃ আব্দুর রাজ্জাক, মোঃ জাহাঙ্গীর বিশ্বাস প্রমুখ।

মেহেরপুরে ইয়াবাসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুর ১৫ পিচ ইয়াবাসহ তাহের শেখ (৩০) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ।

এস আই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে অভিযান চালিয়ে মেহেরপুর শহরের বোসপাড়া এলাকা থেকে তাকে আটক করা হয়। আটক তাহের শেখ মেহেরপুর পুরাতন পোস্ট অফিসপাড়ার সুরুত শেখ এর ছেলে।

অভিযানে আরও উপস্থিত ছিলেন এএসআই ইব্রাহিম বিশ্বাস, জসিম উদ্দিন ও আহসান।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী বিষয়টি নিশ্চিত করে জানান, গোপন সংবাদের ভিত্তিতে ডিবির একটি চৌকশ দল মেহেরপুর শহরে অভিযান চালিয়ে ইয়াবাসহ একজন মাদক ব্যবসায়ী আটক করা হয়েছে।

তার বিরুদ্ধে মেহেরপুর সদর থানায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

মেহেরপুরে ইয়াবাসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরে ৫০ পিচ ইয়াবাসহ মিজানুর রহমান (২০) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ।

এস আই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে অভিযান চালিয়ে বৃহস্পতিবার রাতে গাংনী উপজেলার কাজিপুরের বেত বাড়িয়া এলাকা থেকে তাকে আটক করা হয়। আটক মিজানুর রহমান কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলার দাইড়পাড়া গ্রামের জনিরুল ইসলামের ছেলে।

এছাড়াও পৃথক অভিযানে এ এস আই জসিমউদদীন মুজিবনগর থানার মোনাখালি এলাকা হইতে পরিত্যক্ত অবস্থায় একটি বাজাজ বক্সার মোটরসাইকেল উদ্ধারপূর্বক জব্দ করেন।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী বিষয়টি নিশ্চিত করে জানান, গাংনী এলাকা থেকে ইয়াবাসহ এক মাদক ব্যবসায়ীকে আটক করা হয়েছে। তার বিরুদ্ধে গাংনী থানায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে। এছাড়াও পরিত্যক্ত অবস্থায় একটি মোটরসাইকেল জব্দ করা হয়েছে।

[redacted]

[redacted]